



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা



টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বা Sustainable Development Goals (SDGs) বাস্তবায়ন বিষয়ক সভার
কার্যবিবরণী

| | |
|------------|---|
| সভাপতি | নীলিমা আখতার অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৮ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ০২.৩০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি জানান, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বা Sustainable Development Goals (SDGs) বাস্তবায়নে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ যোগাযোগ সেক্টরের লিড হিসাবে লক্ষ্য ৩.৬, ৯.১ এবং ১১.২ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। সেতু বিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয় কো-লিড হিসাবে এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে সহায়তা করছে। এসডিজি এর অভিলক্ষ্য পৌঁছানোর জন্য অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন অত্যন্ত জরুরী বিষয়ে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার নিজ নিজ কার্যক্রমের আলোচনা ও প্রয়োজনীয় নির্দেশনার নিমিত্ত আলোচ্য সভা আহ্বান করা হয়।

২। সভায় সিনিয়র সহকারী সচিব (বৈদেশিক সহায়তা) একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে এ বিভাগ সংশ্লিষ্ট এসডিজি'র লক্ষ্যসমূহ উপস্থাপন করেন। তিনি বলেন, লক্ষ্য ৩.৬ বাস্তবায়নে এ বিভাগ ছাড়াও বাংলাদেশ পুলিশ ও সিটি কর্পোরেশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি আরোও উল্লেখ করেন, এসডিজি'র বেশ কিছু লক্ষ্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কো-লিড হিসাবে কাজ করছে। সকল বিভাগের তথ্য-উপাত্ত সংগ্রহ করে সমন্বয় করার দায়িত্ব বিবিএস-এর। কিন্তু যথাসময়ে তথ্য-উপাত্ত সংগ্রহের অপ্রতুলতার কারণে সুচারুভাবে কাজটি সম্পন্ন হচ্ছে না বিষয়ে এসডিজি'র লক্ষ্য অর্জনের সঠিক তথ্যটি অনেকাংশেই প্রতিফলিত হচ্ছে না মর্মে উপসচিব (পরিকল্পনা) মত প্রকাশ করেন। তাই দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে লক্ষ্য বাস্তবায়নের নিমিত্ত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন অগ্রগতি প্রেরণে অধিকতর সচেতন থাকার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৩। সিদ্ধান্ত/সুপারিশ:


বিস্তারিত আলোচনার পর নিম্নের সিদ্ধান্ত/সুপারিশসমূহ গ্রহণ করা হয়:

(ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক নিম্নের ছক অনুযায়ী এসডিজি সম্পর্কিত তথ্যাদি হালনাগাদপূর্বক এ বিভাগে প্রেরণ করতে হবে (বাংলায়)

| এসডিজি'র লক্ষ্য নং | দায়িত্বপ্রাপ্ত সংস্থা | গৃহীত কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|--------------------|------------------------|-----------------|--------------------|---------|
| | | | | |

| ক্র: | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|------|--|--|
| (খ) | এ বিভাগ সম্পৃক্ত লক্ষ্যসমূহের (লিড ও কো-লিড) অনুচ্ছেদের বিবরণ বাংলায় উল্লেখসহ তথ্যসমূহ হালনাগাদপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে | উপসচিব (পরিকল্পনা)/ সিনিয়র সহকারী সচিব (বৈদেশিক সহায়তা) এবং ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ সওজ অধিদপ্তর/বিআরটিসি/বিআরটিএ/ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (গ) | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান কর্তৃক এসডিজি লক্ষ্য সম্পর্কিত কার্যক্রমসমূহ মনিটর করতে হবে | সওজ অধিদপ্তর/বিআরটিসি/বিআরটিএ/ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (ঘ) | আওতাধীন দপ্তর/সংস্থাকে এসডিজি ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে | সওজ অধিদপ্তর/বিআরটিসি/বিআরটিএ/ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |

৪। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলে একযোগে কাজের মাধ্যমে এসডিজি'র অভিষ্ঠ লক্ষ্য অর্জনের আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



নীলিমা আখতার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৫০.১৪.০১৯.১৯-১৯৩


তারিখ: ৯ শ্রাবণ ১৪৩০

২৪ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ২) নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
- ৪) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
- ৫) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
- ৮) ব্যবস্থাপনা পরিচালক, বাড়ি # ৪, রোড # ২১, সেক্টর # ৫, উত্তরা, ঢাকা-১২৩০
- ৯) যুগ্মসচিব, পরিকল্পনা ও কার্যক্রম অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ/রীজ ম্যানেজমেন্ট/টেকনিক্যাল সার্ভিসেস), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ১১) উপসচিব, বিআরটিএ অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১২) উপসচিব, সড়ক নিরাপত্তা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট (সিনিয়র সিস্টেম এনালিস্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

- ১৫) সিনিয়র সহকারী সচিব, বৈদেশিক সহায়তা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



নাজমীন ওয়ারেস

উপসচিব